# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 02-03-2026** **Time: 1.30 PM**

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) নতুন দিল্লির হায়দ্রাবাদ হাউসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির মধ্যে প্রতিনিধি পর্যায়ের বৈঠক চলছে।

২) মার্কিন সামরিক বাহিনী ইরানের রেভিউলেশনারি গার্ডের সদর দফতর ধ্বংস করে দিয়েছে।

৩) ব্রিটেন-ফ্রান্স এবং জার্মানি, ইরানের মিসাইল হামলার নিন্দা করে মার্কিন যুক্তরাষ্ট্রের পাশে দাঁড়িয়েছে।

৪) দেশের শেয়ার বাজারে সপ্তাহের প্রথম দিনেই বড়সড় ধস।
বিশ্বজুড়ে বাড়ল তেলের দাম।

৫) আফগানিস্তান, পাকিস্তানের একাধিক সামরিক ঘাঁটি লক্ষ্য করে বিমান হামলা চালিয়েছে।

৬) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ বলেছেন, বিকশিত ভারতের লক্ষ্য পূরণে মহিলাদের ক্ষমতায়ন জরুরী। তিনি আজ দিল্লি লাখপতি বিটিয়া প্রকল্পের সূচনা করেছেন।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির মধ্যে প্রতিনিধি পর্যায়ের আলোচনা চলছে নয়াদিল্লির হায়দ্রাবাদ হাউসে। আলোচনায় উভয় নেতা ভারত-কানাডা কৌশলগত অংশীদারিত্বের বিভিন্ন ক্ষেত্রে এখন পর্যন্ত অর্জিত অগ্রগতি পর্যালোচনা করছেন। তারা বাণিজ্য ও বিনিয়োগ, জ্বালানি, গুরুত্বপূর্ণ খনিজ, কৃষি, শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবন এবং দু'দেশের জনগণের মধ্যে সম্পর্ক সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে চলতি সহযোগিতার বিষয়গুলি খতিয়ে দেখছেন। এছাড়াও তাঁদের মধ্যে আঞ্চলিক ও আন্তর্জাতিক উন্নয়নের বিষয় নিয়েও আলোচনা হওয়ার কথা।

কানাডার প্রধানমন্ত্রী ২৭ শে ফেব্রুয়ারি থেকে চার দিনের ভারত সফরে রয়েছেন। গত বছরের মার্চ মাসে পদে আসীন হওয়ার পরে প্রধানমন্ত্রী কার্নি তার প্রথম পূর্ণাঙ্গ দ্বিপাক্ষিক ভারত সফরে এসেছেন।

এরপরে প্রধানমন্ত্রী মোদী এবং প্রধানমন্ত্রী কার্নি ভারত-কানাডা সিইও ফোরামেও যোগ দেবেন।

oooooooooooooooooooooo

**বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ সকালে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির সঙ্গে দেখা করেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে ডঃ জয়শঙ্কর বলেছেন যে ভারত-কানাডা অংশীদারিত্বের ক্ষেত্রে একটি ভবিষ্যৎমুখী রূপরেখা তৈরির জন্য কানাডার প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির প্রশংসা করে ভারত।**

oooooooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ড কোরের সদর দপ্তর ধ্বংসের বিষয়টি নিশ্চিত করেছে। ট্রুথ সোশ্যাল প্ল্যাটফর্মে একটি পাবলিক পোস্টে, রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন যে মার্কিন সেনাবাহিনী ৯টি ইরানি নৌ জাহাজ ধ্বংস করেছে। ট্রাম্প আরও জানিয়েছেন যে অন্য একটি আক্রমণে, মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের নৌ সদর দপ্তর ব্যাপকভাবে ধ্বংস করে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ব্রিটেন, ফ্রান্স এবং জার্মানির নেতারা ইরানের ক্ষেপণাস্ত্র হামলার তীব্র নিন্দা করেছেন। এক যৌথ বিবৃতিতে E3 দেশের নেতারা মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতি তাদের সমর্থন জানিয়েছেন। । ব্রিটেনের একটি রয়েল এয়ার ফোর্স টাইফুন ফাইটার কাতারের দিকে অগ্রসর হওয়া একটি ইরানি ড্রোন গুলি করে নামানোর কয়েক ঘন্টা পরেই এই মন্তব্য করা হয়েছে। এদিকে, ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার ইরানি ক্ষেপণাস্ত্র ঘাঁটিগুলিতে সামরিক হামলার জন্য ব্রিটিশ সামরিক ঘাঁটি ব্যবহার করার জন্য মার্কিন অনুরোধে সম্মত হয়েছেন।

Byte: KERI STARMER-UK PM-IRAN -

০০০০০০০০০০০০০০০০০০০০

ইরানে, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইজরায়েলে যৌথ হামলার প্রেক্ষিতে ভারত সরকার সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে সতর্ক করে চিঠি দিয়েছে। জানা গেছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের লেখা ওই চিঠিতে হিংসায় উস্কানিমূলক এবং ইরানের সমর্থনে আগ্রাসী কোন রকম প্রচার চালানো হলে, সেই সমস্ত ব্যক্তিদের চিহ্নিত করতে হবে। আইনশৃঙ্খলা রক্ষার্থে যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল তার বাসভবনে নিরাপত্তা বিষয়ক ক্যাবিনেট কমিটির বৈঠক করেছেন। বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিদেশ মন্ত্রী এস, জয়শঙ্কর এবং অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। ইরান-ইসরায়েল- মার্কিন যুক্তরাষ্ট্র সংঘাতের কারণে দ্রুত পরিবর্তিত আন্তর্জাতিক প্রেক্ষাপটে দেশের নিরাপত্তা ও কৌশলগত বিষয়ে সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী এই কমিটির বৈঠক অত্যন্ত তাতপর্য্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ বলেছেন যে তার সরকার ইরানে অবস্থানরত জম্মু ও কাশ্মীরের বাসিন্দা, বিশেষ করে ছাত্রদের হিতার্থে এবং তাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে ভারত সরকারের বিদেশ মন্ত্রকের সাথে দৃঢ় সমন্বয় রেখে চলেছে । ইরানে ঘটে যাওয়া সাম্প্রতিক ঘটনাবলী, বিশেষ করে ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লা আলী খামেনেই এর মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে মুখ্যমন্ত্রী সকল সম্প্রদায়ের মানুষের কাছে শান্তি বজায় রাখার এবং শান্ত থাকার আহ্বান জানিয়েছেন। মুখ্যমন্ত্রী আরও বলেছেন যে, যারা এই মৃত্যুতে শোকাহত, তাদের শান্তিপূর্ণভাবে শোক পালন করার সুযোগ দিতে হবে। তিনি বলেন, সরকারকে নিশ্চিত করতে হবে যে জম্মু ও কাশ্মীরের যে সমস্ত মানুষ শোকাহত তারা যেন শান্তিপূর্ণভাবে শোক পালন করতে পারেন। তিনি আরও বলেন যে এই পরিস্থিতিতে পুলিশ এবং প্রশাসনের সর্বোচ্চ সংযম দেখানো উচিৎ এবং বলপ্রয়োগ বা অপ্রয়োজনীয় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ থেকে বিরত থাকা উচিৎ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের শেয়ার বাজারে আজ সপ্তাহের প্রথম দিনের শুরুতে বড়সড় ধস নামে। পশ্চিম এশীয়ায় সংঘর্ষের কারণে এই পতন বলে মনে করা হচ্ছে। পরে বাজার কিছুটা উঠলেও বোম্বে শেয়ার বাজারের সূচক সেনসেক্স ও জাতীয় শেয়ার সূচক নিফটি এখনও পর্যন্ত ১ দশমিক ছয় শতাংশ নীচে নেমে সেনসেক্স দাঁড়িয়েছে ৭৯ হাজার ৯৭৭ পয়েন্টে এবং নিফটি ২৪ হাজার ৭৭৭ পয়েন্ট।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ায় যুদ্ধের প্রভাব পড়েছে তেলের দামেও।

বিশ্ব বাজারে ব্রেন্ট ক্রুড এবং নিমেক্স লাইট তেলের দাম ১০ শতাংশের বেশী বেড়েছে। আজ বাজার খোলার সময় ব্রেন্ট ক্রুড –এর দাম প্রায় ৯ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে

ব্যারেল পিছু ৭৯ দশমিক ৩/০ মার্কিন ডলারে। অন্যদিকে নিমেক্স-এর দাম বেড়ে হয়েছে ব্যারেল পিছু ৭২ দশমিক ৭/০ মার্কিন ডলার।

০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি বিবেচনা করে এয়ার ইন্ডিয়া একটি ভ্রমণ পরামর্শ জারি করেছে। সংযুক্ত আরব আমিরশাহী UAE, সৌদি আরব, ইজরায়েল এবং কাতারে যাওয়া আসার সমস্ত উড়ানে স্থগিতাদেশ আজ দিনের শেষ পর্যন্ত বাড়ানো হয়েছে। আজ ইউরোপের নির্ধারিত কিছু উড়ানও বাতিল করা হয়েছে। এর মধ্যে রয়েছে অমৃতসর থেকে বার্মিংহাম, দিল্লি থেকে জুরিখ, দিল্লি থেকে কোপেনহেগেন এবং বার্মিংহাম থেকে দিল্লির উড়ান ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ায় সংঘর্ষের প্রেক্ষিতে কলকাতা বিমানবন্দর থেকে ২০টি উড়ান বাতিল করা হয়েছে। সংযুক্ত আরব আমিরশাহীর মোট ৮টি, কাতার এয়ারওয়েজের ৪টি উড়ান, এতিহাদ এয়ারওয়েজের ৪টি উড়ান ও এয়ার অ্যারিবিয়া ও ফ্লাই দুবাইয়ের ২টি করে উড়ান বাতিল করা হয়েছে। কোচিতেও ১৬টি উড়ান বাতিল। দেশজুড়ে একের পর এক পশ্চিম এশিয়ামুখী উড়ান বাতিল হওয়ায় চরম দুর্ভোগের মুখে পড়েছেন যাত্রীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আফগান বিমানবাহিনী পাকিস্তানের একাধিক সামরিক ঘাঁটি লক্ষ্য করে একযোগে সুনির্দিষ্ট হামলা চালিয়েছে বলে সেদেশের প্রতিরক্ষামন্ত্রক আজ ঘোষণা করেছে। সোশ্যাল মিডিয়ায় এক বিবৃতিতে বলা হয়েছে, রাওয়ালপিন্ডিতে নূর খান বিমানঘাঁটি, কোয়েটায় দ্বাদশ ডিভিশন সদর দপ্তর এবং খাইবার পাখতুনখোয়ার মোহমান্দ এজেন্সিতে খোয়াজাই চৌকি সহ পাকিস্তানের প্রধান প্রধান সামরিক ঘাঁটিগুলিতে এই হামলা চালানো হয়েছে।

আফগানিস্তান আরও দাবি করেছে যে অভিযানের সময় পাকিস্তান জুড়ে আরও বেশ কয়েকটি কৌশলগত সেনা সদরেও আঘাত হানা হয়।

OOOOOOOOOOOOOOOOOOOOOOO

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দিল্লি লাখপতি বিটিয়া প্রকল্পের সূচনা করেছেনন। দিল্লির ইন্দিরা গান্ধী ইনডোর স্টেডিয়ামে এই অনুষ্ঠান চলছে। বর্তমান লাডলি প্রকল্প পরিবর্তন করে এই নতুন প্রকল্প শুরু হলো। লাডলি প্রকল্পটিতে, হাসপাতালে জন্ম নিলে শিশু কন্যাদের নামে ১১ হাজার টাকা করে দেওয়া হয়। বাড়িতে জন্মালে দেওয়া হয় দশ হাজার টাকা করে। রাষ্ট্রপতি  বলেন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার লক্ষ্য সফল করতে মহিলাদের ক্ষমতায়ন জরুরী।

OOOOOOOOOOOOOOOOOOO

রোয়ান্ডার বিদেশমন্ত্রী অলিভিয়ার জে.পি. এনদুহুঙ্গীরেহে নতুনদিল্লিতে পৌঁছেছেন। বিদেশমন্ত্রক এক সোশ্যালমিডিয়া পোস্টে জানিয়েছে, রোয়ান্ডার বিদেশমন্ত্রী একাদশ 'রাইসিনা ডায়ালগ' এবং দ্বিতীয় ভারত-রুয়ান্ডা যৌথ কমিশন বৈঠকে অংশ নেবেন।

OOOOOOOOOOOOOOOOOOOOOOO

মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে আগামী বৃহস্পতিবার  দ্বিতীয় সেমিফাইনালে ভারত, ইংল্যান্ডের মুখোমুখি হবে। ইডেনে গতকাল ওয়েস্ট ইন্ডিজকে ৫ উইকেটে হারিয়ে ভারত টি -২০ বিশ্বকাপের সেমিফাইনালে পৌঁছেছে।

এই নিয়ে ষষ্ঠবার ও টানা তৃতীয়বার ভারত টি -২০ বিশ্বকাপের সেমিফাইনালে পৌঁছলো।

বুধবার ইডেনে প্রথম সেমিফাইনালে দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলবে।

ফাইনাল হবে আগামী রবিবার আহমেদাবাদে।